

মানসী

রবীন্দ্রনাথ ঠাকুর



02/23/19 তারিখে উইকিসংকলন থেকে রপ্তানিকৃত

সূচী

- [সূচনা](#)
- উপহার
- ডুলে
- ডুল-ডাঙা
- বিরহানন্দ
- ক্ষণিক মিলন
- শূন্য হৃদয়ের আকাঙ্ক্ষা
- আত্মসমর্পণ
- নিষ্ফল কামনা
- সংশয়ের আবেগ
- বিচ্ছেদের শান্তি
- তবু
- একাল ও সেকাল
- আকাঙ্ক্ষা
- নির্ভুর সৃষ্টি
- প্রকৃতির প্রতি
- মরণস্বপ্ন
- কুহুধ্বনি
- পত্র
- সিন্ধুতরঙ্গ
- শ্রাবণের পত্র
- নিষ্ফল প্রয়াস
- হৃদয়ের ধন

- নিভৃত আশ্রম
- নারীর উক্তি
- পুরুষের উক্তি
- শূন্য গৃহে
- জীবনমধ্যাহ্ন
- শ্রান্তি
- বিচ্ছেদ
- মানসিক অভিসার
- পত্রের প্রত্যাশা
- বধূ
- ব্যক্ত প্রেম
- গুপ্ত প্রেম
- অপেক্ষা
- দুরন্ত আশা
- দেশের উন্নতি
- বঙ্গবীর
- সুরদাসের প্রার্থনা
- নিন্দুকের প্রতি নিবেদন
- কবির প্রতি নিবেদন
- পরিত্যক্ত
- ভৈরবী গান
- ধর্মপ্রচার
- নববঙ্গদম্পতির প্রেমমালাপ
- প্রকাশবেদনা
- মায়া
- বর্ষার দিনে
- মেঘের খেলা
- ধ্যান
- পূর্বকালে
- অনন্ত প্রেম

- আশঙ্কা
- ভালো করে বলে যাও
- মেঘদূত
- অহল্যার প্রতি
- গোধূলি
- উচ্ছ্বল
- আগন্তুক
- বিদায়
- সন্ধ্যায়
- শেষ উপহার
- মৌন ভাষা
- আমার সুখ

বাল্যকাল থেকে পশ্চিম-ভারত আমার কাছে রোম্যান্টিক কল্পনার বিষয় ছিল। এইখানেই নিরবচ্ছিন্নকাল বিদেশীয়দের সঙ্গে এ দেশের সংযোগ ও সংঘর্ষ ঘটে এসেছে। বংশতান্দী ধরে এইখানেই ইতিহাসের বিপুল পটভূমিকায় বহু সাম্রাজ্যের উত্থানপতন এবং নব নব ঐশ্বর্যের বিকাশ ও বিলয় আপন বিচিত্র বর্ণের ছবির ধারা অঙ্কিত করে চলেছে। অনেক দিন ইচ্ছা করেছি এই পশ্চিম-ভারতের কোনো-এক জায়গায় আশ্রয় নিয়ে ভারতবর্ষের বিরাট বিক্ষুব্ধ অতীত যুগের স্পর্শলাভ করব মনের মধ্যে। অবশেষে এক সময়ে যাত্রার জন্যে প্রস্তুত হলুম। এত দেশ থাকতে কেন যে গাজিপুর বেছে নিয়েছিলুম তার দুটো কারণ আছে। শুনেছিলুম গাজিপুরে আছে গোলাপের খেত। আমি যেন মনের মধ্যে গোলাপবিলাসী সিরাজের ছবি এঁকে নিয়েছিলুম। তারি মোহ আমাকে প্রবলভাবে টেনেছিল। সেখানে গিয়ে দেখলুম ব্যবসাদারের গোলাপের খেত, এখানে বুলবুলের আমন্ত্রণ নেই, কবিরও নেই; হারিয়ে গেল সেই ছবি। অপর পক্ষে, গাজিপুরে মহিমাশ্রিত প্রাচীন ইতিহাসের স্বাক্ষর কোথাও বড়ো রেখায় ছাপ দেয় নি। আমার চোখে এর চেহারা ঠেকল সাদা-কাপড়-পরা বিধবার মতো, সেও কোনো বড়োঘরের ঘরনী নয়।

তবু গাজিপুরেই রয়ে গেলুম, তার একটা কারণ এখানে ছিলেন আমাদের দূরসম্পর্কের আত্মীয় গগনচন্দ্র রায়, আফিম-বিভাগের একজন বড়ো কর্মচারী। এখানে আমার সমস্ত ব্যবস্থা সহজ হল তাঁরই সাহায্যে। একখানা বড়ো বাংলা পাওয়া গেল, গঙ্গার ধারেও বটে, ঠিক গঙ্গার ধারেও নয়। প্রায় মাইলখানেক চর পড়ে গেছে, সেখানে যবের ছোলার শর্ষের খেত; দূর থেকে দেখা যায় গঙ্গার জলধারা, গুণ-টানা নৌকো চলেছে মন্থর গতিতে। বাড়ির সংলগ্ন অনেকখানি জমি, অনাদৃত, বাংলাদেশের মাটি হলে জঙ্গল হয়ে উঠত। ইঁদারা থেকে পূর চলছে নিস্তব্ধ মধ্যাহ্নে কলকল শব্দে। গোলাপটাঁপার ঘনপল্লব থেকে কোকিলের ডাক আসত বৌদ্রতপ্ত প্রহরের ক্লান্ত হাওয়ায়। পশ্চিম কোণে প্রাচীন একটা মহানিমগাছ, তার বিস্তীর্ণ ছায়াতলে বসবার জায়গা।

সাদাধুলোর রাস্তা চলেছে বাড়ির গা ঘেঁষে, দূরে দেখা যায় খোলার-চাল-
ওয়ালা পল্লী।

গাজিপুর আগ্রা-দিল্লির সমকক্ষ নয়, সিরাজ-সমরখন্দের সঙ্গেও এর
তুলনা হয় না, তবু মন নিমগ্ন হ'ল অক্ষুণ্ণ অবকাশের মধ্যে। আমার
গানে আমি বলেছি, আমি সুদূরের পিয়াসী। পরিচিত সংসার থেকে
এখানে আমি সেই দূরত্বের দ্বারা বেষ্টিত হ'লুম, অভ্যাসের স্থূলহস্তাবলেপ
দূর হ'বামাত্র মুক্তি এল মনোবাজ্যে। এই আবহাওয়ায় আমার
কাব্যরচনার একটা নতুন পর্ব আপনি প্রকাশ পেল। আমার কল্পনার
উপর নূতন পরিবেষ্টনের প্রভাব বারবার দেখেছি। এইজন্যেই
আলমোড়ায় যখন ছিলাম আমার লেখনী হঠাৎ নতুন পথ নিল 'শিশু'র
কবিতায়, অথচ সে-জাতীয় কবিতার কোনো প্রেরণা কোনো
উপলক্ষ্যই সেখানে ছিল না। পূর্বতন রচনাধারা থেকে স্বতন্ত্র এ একটা
নূতন কাব্যরূপের প্রকাশ। মানসী'ও সেই রকম। নূতন আবেষ্টনে এই
কবিতাগুলি সহসা যেন নবদেহ ধারণ করল। পূর্ববর্তী 'কড়ি ও
কোমল' এর সঙ্গে এর বিশেষ মিল পাওয়া যাবে না। আমার রচনার
এই পর্বেই যুক্ত অক্ষরকে পূর্ণ মূল্য দিয়ে ছন্দকে নূতন শক্তি দিতে
পেয়েছি। মানসী'তেই ছন্দের নানা খেয়াল দেখা দিতে আরম্ভ করেছে।
কবির সঙ্গে যেন একজন শিল্পী এসে যোগ দিল।

এই ডিজিটাল সংস্করণ সম্পর্কে

এই ই-বই অনলাইন গ্রন্থাগার [উইকিসংকলন](#)^[১] হতে প্রাপ্ত। স্বেচ্ছাসেবীদের দ্বারা নির্মিত এই বহুভাষী ডিজিটাল গ্রন্থাগার উপন্যাস, কবিতা, পত্র-পত্রিকা ইত্যাদি সমস্ত ধরনের প্রকাশনার মুক্ত সংকলন গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ।

আমরা কপিরাইটমুক্ত অথবা মুক্ত লাইসেন্সের অধীনে প্রকাশিত বইগুলিকে বিনামূল্যে প্রদান করে থাকি। আপনি আমাদের ই-বইগুলিকে [ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক ৩.০ আনপোর্টেড](#) লাইসেন্স^[২] বা [জিএনইউ ফ্রি ডকুমেন্টেশন লাইসেন্সের](#)^[৩] শর্তাধীনে বাণিজ্যিক উদ্দেশ্য সহ যে কোন উদ্দেশ্যে ব্যবহার করতে পারেন।

উইকিসংকলন সর্বদা নতুন সদস্যদের জন্য উন্মুক্ত। এই ই-বইয়ে কিছু ভুল ভ্রান্তি থেকে যাওয়া সম্ভব, সেক্ষেত্রে আপনি [এই পাতায়](#) জানাতে পারেন^[৪]।

নিম্নে তালিকাভুক্ত ব্যবহারকারীরা এই ই-বইয়ে অবদান রেখেছেন:

- Bodhisattwa
- Jonoikobangali
- Jayantanth
- WikitanvirBot I
- Mahir256

1. [↑] <https://bn.wikisource.org>

2. [↑ https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn](https://creativecommons.org/licenses/by-sa/3.0/deed.bn)
3. [↑ http://www.gnu.org/copyleft/fdl.html](http://www.gnu.org/copyleft/fdl.html)
4. [↑ https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা](https://bn.wikisource.org/wiki/উইকিসংকলন:লিপিশালা)